# রংপুর সিটি কর্পোরেশন
সাধারণ শাখা
www.rpcc.gov.bd


স্মারক নং - ৪৬.১৮.০০০০.১০১.০২.০০১.২৫-৯১২৯ তারিখ ঃ ০৯ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ / ২৩ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

## রংপুর সিটি কর্পোরেশনের সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) এর সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ শহিদুল ইসলাম এনডিসি
প্রশাসক
রংপুর সিটি কর্পোরেশন।

সভার তারিখ : ১৬ এপ্রিল ২০২৫ ইং,
সময় : দুপুর-৩:০০ ঘটিকায়।
সভার স্থান : রংপুর সিটি কর্পোরেশন সভাকক্ষ।

উপস্থিতি : উপস্থিত সদস্য বৃন্দের তালিকা "পরিশিষ্ট ক"

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব উম্মে ফাতিমা সবাইকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটির (CLCC) সভার আলোচনা পর্ব পরিচালনা করেন।

অত:পর সভার আলোচ্যসূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রমিক নং | আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | রাস্তার প্রশস্থতা মেনে ভবন নির্মাণ, পুকুর ও জলাশয়গুলো সংরক্ষণ। | ৭, ৮, ৩৩ নং ওয়ার্ডের দায়িত্বপ্রাপ্ত কাউন্সিলর জনাব আনোয়ারুল হক বিএফএম, সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, রংপুর বলেন নগরীর স্থাপনা নির্মাণের ক্ষেত্রে বাংলাদেশ বিল্ডিং কোড অনুযায়ী রাস্তার প্রশস্থতা মেনে ভবন নির্মানের প্রস্তাব পেশ করেন। সেইসাথে তার নিজস্ব পুকুরটিসহ অন্যান্য পুকুর ও জলাশয়গুলি সংরক্ষণের উপর গুরুত্ব আরোপ করেন। সভাপতি ভবন নির্মাণের ক্ষেত্রে বিল্ডিং কোড মেনে ভবন নির্মাণের নির্দেশনা প্রদান করেন এবং নগরীর পুকুর ও জলাশয়গুলো সংরক্ষণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। | বাংলাদেশ বিল্ডিং কোড অনুযায়ী রাস্তার প্রশস্থতা মেনে ভবন নির্মানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ফায়ার সার্ভিসের নিজস্ব পুকুরটিসহ নগরীর অন্যান্য পুকুর ও জলাশয়গুলো সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী(চ:দা:) প্রকৌশল বিভাগ রংপুর সিটি কর্পোরেশন। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | সড়ক মেরামত, সিসি ক্যামেরা স্থাপন, পরিস্কার পরিচ্ছন্নতা ও ফুটপাত চলাচলের উপযোগী করা। | জনাব মোঃ ফকরুল আলম বেঞ্জু (সভাপতি, সুজন ) বলেন কেরামতিয়া মসজিদ হতে টার্মিনাল পর্যন্ত রাস্তাটি জনগুরুত্বপূর্ন হওয়ায় রাস্তাটি সংস্কার করা প্রয়োজন এছাড়া শহরের গুরুত্বপূর্ন স্থানে সিসি ক্যামেরা স্থাপন করা থাকলেও অনেকগুলি ক্যামেরা অচল রয়েছে সেগুলো মেরামতসহ আরো সিসি ক্যামেরা স্থাপন করা জরুরী।<br>নিয়মিত ড্রেন পরিস্কার, রাস্তাঘাট ও ঝোপঝাড় পরিস্কার, ফুটপাতের উপর অবৈধ স্থাপনা উচ্ছেদ করে চলাচলের উপযোগী করার জন্য বিশেষভাবে অনুরোধ করেন। সভাপতি এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটকে নগরীর ফুটপাতে অবেধ স্থাপনা উচ্ছেদ করার নির্দেশনা প্রদান করেন। সহকারী প্রোগ্রামারকে সিসি ক্যামেরা সচল করার নির্দেশনা প্রদান করেন। সভাপতি তত্ত্বাবধায়ক প্রকৌশলী(চ:দা:) কে রাস্তা সংস্কারের নির্দেশনা প্রদান করেন। | ১। কেরামতিয়া মসজিদ হতে টার্মিনাল পর্যন্ত রাস্তাটি সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। অচল সিসি ক্যামেরাগুলি স্বচলের ব্যবস্থা গ্রহন করতে হবে।<br>৩। ড্রেন পরিস্কার, রাস্তাঘাট পরিস্কার ও ফুটপাতের উপর অবৈধ স্থাপনা উচ্ছেদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী(চ:দা:) প্রকৌশল বিভাগ;<br>বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট;<br>প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা;<br>সহোকারী প্রোগ্রামার রংপুর সিটি কর্পোরেশন। |
| ৩ | একাধিক অটো ও অটোরিক্সা/ভ্যান নম্বর পত্র বাতিল করণ। | জনাব মোঃ জামিল হোসেন, রংপুর মহানগর যুগ্ম আহবায়ক, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন, রংপুর বলেন রংপুর সিটি কর্পোরেশনের অটো ও অটোরিক্সা/ভ্যান এর এক একজনের নামে একাধিক নাম্বার প্লেট রয়েছে যা সংখ্যায় অনেক। তাদের নামে একটি লাইসেন্স রেখে বাকিগুলি বাতিল করে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন, রংপুর এর শহীদ পরিবার ও আহত পরিবারের মাঝে বিতরণের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। সভাপতি বিষয়টির উপর গুরুত্ব আরোপ করে সংশ্লিষ্ট বিভাগকে সতর্ক করে বলেন ইতিপূর্বে অনেকে একাধিক নাম্বারপ্লেট পেলেও ভবিষ্যতে যেন আর কখনো কেউ একাধিক নাম্বারপ্লেট নিতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। | ভবিষ্যতে যেন একজন ব্যক্তি একাধিক অটো ও অটোরিক্সা/ভ্যান এর নাম্বারপ্লেট নিতে না পারে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান রাজস্ব কর্মকর্তা রংপুর সিটি কর্পোরেশন। |
| ৪ | ড্রেনের সংযোগ স্থাপন | জনাব মোঃ আব্দুস ছাত্তার, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার, রংপুর বলেন ২৮ নং ওয়ার্ডে আমার বাসার সামনের ড্রেনটির সংযোগ না থাকায় ড্রেনের পানি উপচে পড়ে ফলে চলাচল থেকে শুরু করে পরিবেশের ক্ষতি হচ্ছে। দ্রুত ড্রেনটির সংযোগ স্থাপন করা প্রয়োজন। সভাপতি সংশ্লিষ্ট বিভাগকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | ২৮ নং ওয়ার্ডে অবস্থিত ড্রেনটির সংযোগ স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী(চ:দা:) প্রকৌশল বিভাগ রংপুর সিটি কর্পোরেশন। |
| ৫ | ড্রেনের উপর অবৈধ দোকানপাট স্থাপনা উচ্ছেদ ও হোটেলের | জনাব মোঃ শাহজাহান বাবু, সাবেক পরিচালক চেম্বার অব কমার্স, রংপুর বলেন জাহাজ কোম্পানী হতে কামালকাছনা পর্যন্ত | জাহাজ কোম্পানী হতে কামালকাছনা পর্যন্ত রোডের দুই পাশের | বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | ময়লা ড্রেনে অপসারণ। | রোডের দুই পাশের ড্রেনের উপর অবৈধ দোকানপাট স্থাপনা উচ্ছেদ ও হোটেলের ময়লা ড্রেনে ফেলে পানি নিস্কাষন ব্যবস্থা বাধাগ্রস্থ করতেছে দ্রুত ব্যবস্থা গ্রহন করা প্রয়োজন। সভায় সভাপতি সংশ্লিষ্ট বিভাগকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | ড্রেনের উপর অবৈধ দোকানপাট স্থাপনা উচ্ছেদ করতে হবে ও হোটেলের ময়লা ড্রেনে না ফেলার জন্য সচেতনতা বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ও কঞ্জার্ভেন্সী শাখা রংপুর সিটি কর্পোরেশন |
| ৬ | ব্রিজ সংস্কার | জনাব জেসমিন আক্তার সভাপতি, সিডিসি ফেডারেশন, রংপুর বলেন ২৪ ও ২৬ নং ওয়ার্ডের বর্ডার এলাকার বৈরাগীপাড়াস্থ ব্রিজটির রেলিং ভেঙ্গে যাওয়ায় চলাচল ঝুঁকিপূর্ণ হয়েছে ফলে ব্রিজটির রেলিং জরুরীভিত্তিতে মেরামত করা প্রয়োজন। সভাপতি বৈরাগীপাড়াস্থ ব্রিজটির রেলিং দ্রুত মেরামতের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলীকে নির্দেশনা প্রদান করেন। | বৈরাগীপাড়াস্থ ব্রিজটির রেলিং মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী রংপুর সিটি কর্পোরেশন। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন ও সবার সু-স্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

২৩/১/২৫

মোঃ শহিদুল ইসলাম এনডিসি
প্রশাসক
রংপুর সিটি কর্পোরেশন।

স্মারক নং - ৪৬.১৮.০০০০.১০১.০২.০০১.২৫-

তারিখ ঃ ১৪৩২ বঙ্গাব্দ / ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ
১। সচিব, রংপুর সিটি কর্পোরেশন।
২। প্রধান রাজস্ব কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৩। প্রধান সম্পত্তি কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী(চ:দা:), রংপুর সিটি কর্পোরেশন।
৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
৬। প্রশাসনিক কর্মকর্তা(চ:দা:), রংপুর সিটি কর্পোরেশন।
৭। ......................... ..., রংপুর সিটি কর্পোরেশন।
৮। সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটির সদস্যবৃন্দ।
৯। সহকারী প্রোগ্রামার (ওয়েব সাইটে আপলোড) রংপুর সিটি কর্পোরেশন।
১০। অফিস নথি।

.../১/২৫

উম্মে ফাতিমা
(উপসচিব)
পরিচিতি নং- ১৬৬৭৮
প্রধান নির্বাহী কর্মকর্তা
রংপুর সিটি কর্পোরেশন
ই-মেইলঃ ceo@rpcc.gov.bd